গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
প্রভাতী প্রকল্প (ডিডিএম অংশ)
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

## প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশের মাসিক অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী

সভাপতি: নিতাই চন্দ্র দে সরকার
পরিচালক (এমআইএম-চ.দা)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ও
প্রকল্প সমন্বয়ক
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট

তারিখ : ৬ সেপ্টেম্বর, ২০২২ সময়: সকাল ৮.৩০ ঘটিকা
স্থান : আইলা ট্রেনিং রুম (৮ম তলা)
হাজিরা : পরিশিষ্ট – ক

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি প্রোগ্রাম ম্যানেজার জনাব মোঃ ফখরুল আরেফীনকে সভার আলোচ্যসূচি উপস্থাপনার অনুরোধ জানান। প্রোগ্রাম ম্যানেজার সভার আলোচ্যসূচি সভায় উপস্থাপন করেন। মূলত প্রকল্পের কাজের অগ্রগতি, পরবর্তী কার্যক্রম ও বিবিধ বিষয়ে আলোচনার জন্য এ সভার আয়োজন করা হয়েছে। অতঃপর সভাপতি প্রকল্প বাস্তবায়ন ও বিবিধ বিষয়ে সংশ্লিষ্ট সকলের মতামত আহবান করেন।

০২। সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১ | বিপদসীমা নির্ধারণ কর্মশালা | প্রকল্প এলাকার বিভিন্ন জেলায় বিপদসীমা নির্ধারণ কর্মশালা আয়োজন ও গেজ স্থাপনের নিমিত্তে স্থান নির্বাচনের জন্য Technical Advisory Committee এর সদস্যবৃন্দের সাথে সভার আয়োজন নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | আগামী ২০ সেপ্টেম্বর, ২০২২ অনুষ্ঠিতব্য Technical Advisory Committee এর সদস্যবৃন্দের সাথে আলোচনা সাপেক্ষে অনতিবিলম্বে তিন জেলায় বিপদসীমা নির্ধারণ কর্মশালার আয়োজন করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার |
| ২ | সর্বাধিক বিপদাপন্ন ইউনিয়ন নির্বাচন | Technical Advisory Committee দ্বারা সর্বাধিক বিপদাপন্ন ইউনিয়ন এর তালিকা চূড়ান্তকরণের পূর্বে উপজেলা প্রশাসন দ্বারা Validate করার বিষয়ে আলোচনা হয়। | Technical Advisory Committee এর সভায় প্রকল্প এলাকার ৬০ টি সর্বাধিক বিপদাপন্ন ইউনিয়ন এর তালিকা চূড়ান্তকরণের জন্য | প্রোগ্রাম ম্যানেজার ও রিজিওনাল কো-অরডিনেটর |

Scanned with CamScanner

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| | | | প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করতে হবে। | |
| ৩ | প্রকল্পের শূন্য পদসমূহে নিয়োগ (টিম লিডার, ফিল্ড ফ্যাসিলিটেটর, ও ইন্টার্ন) | প্রকল্পের টিম লিডার, ফিল্ড ফ্যাসিলিটেটর ও ইন্টার্ন নিয়োগের জন্য নির্বাচিত প্রতিনিধিদের পদায়নের ব্যবস্থা গ্রহণের বিষয়ে বিশদ আলোচনা হয়। | আগামী ১৫ সেপ্টেম্বর ২০২২ এর মধ্যে রাইমস কর্তৃক টিম লিডার, ফিল্ড ফ্যাসিলিটেটর ও ইন্টার্ন নিয়োগ এর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | কান্ট্রি প্রোগ্রাম লিড-বাংলাদেশ, RIMES, প্রোগ্রাম ম্যানেজার এবং ফিন্যান্স ও এডমিন অফিসার |
| ৪ | দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি ডাটাবেজ হালানাগাদ | প্রকল্পের আওতাভুক্ত জেলা, উপজেলা, ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ের দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির তথ্য সংগ্রহের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তাগিদ পত্র প্রেরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | আগামী ১৬ সেপ্টেম্বর এর মধ্যে সকল পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির তথ্য প্রদানের জন্য প্রকল্পভুক্ত জেলাসমূহে অনতিবিলম্বে একটি তাগিদ পত্র প্রেরণ করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার এবং ফিন্যান্স ও এডমিন অফিসার |
| ৫ | বন্যার আগাম সতর্কতা ও ঝুঁকি ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ | জেলা, উপজেলা ও ইউনিয়ন ডিএমসি সদস্যদের বন্যার আগাম সতর্কতা ও ঝুঁকি ব্যবস্থাপনাসহ বিবিধ বিষয়ে প্রশিক্ষণ প্রদানের নিমিত্তে মডিউল প্রস্তুত পূর্বক প্রয়োজনীয় পরিকল্পনা গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ক) চলতি মাসের তৃতীয় সপ্তাহের মধ্যে প্রকল্পের আওতাধীন স্থানীয় পর্যায়ে বন্যার আগাম সতর্কতা ও ঝুঁকি ব্যবস্থাপনাসহ বিবিধ বিষয়ে প্রশিক্ষণ প্রদানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে।<br><br>খ) প্রশিক্ষণ মডিউল বাংলায় প্রস্তুত করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার ও কমিউনিকেশন অফিসার |
| ৬ | DEM ডাটা সংগ্রহ | প্রকল্প আওতাধীন এলাকার DEM ডাটা সংগ্রহের জন্য LIDAR এর ব্যবহার নিয়ে আলোচনা হয়। | আগামী অক্টোবর থেকে DEM ডাটা সংগ্রহের জন্য রাইমস কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে | প্রোগ্রাম ম্যানেজার, হাইড্রোলজিক সিস্টেম ডেভেলপার ও জিআইএস স্পেশালিষ্ট |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(নিতাই চন্দ্র দে সরকার)
প্রকল্প সমন্বয়ক
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
ও
পরিচালক (এমআইএম-চ.দা.)
ফোনঃ ০২-২২২২৯৫৩৫৬
ই-মেইলঃ dmim@ddm.gov.bd

Scanned with CamScanner

স্মারক নং- ৫১.০১.০০০০.০৪৬.২৯.০০২.২১ তারিখ: ৭-০৯-২০২২ খ্রিঃ

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে:**

০১। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
০২। প্রকল্প পরিচালক, প্রভাতী প্রকল্প, এলজিইডি, আগারগাঁও, ঢাকা।
০৩। ডেপুটি প্রজেক্ট কো-অর্ডিনেটর (GIS ও RM), প্রভাতী প্রকল্প-(ডিডিএম অংশ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
০৪। কান্ট্রি প্রোগ্রাম লিড-বাংলাদেশ, RIMES।
০৫। পিএ টু মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(প্রবীর কুমার দাস)
উপপ্রকল্প সমন্বয়ক (ICT)
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
ফোনঃ ০২-২২২২৯২৬৩৪

Scanned with CamScanner

(26)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
প্রভাতী প্রকল্প (ডিডিএম অংশ)
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

**প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশের মাসিক অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী**

সভাপতি: নিতাই চন্দ্র দে সরকার
পরিচালক (এমআইএম-চ.দা)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ও
প্রকল্প সমন্বয়ক
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
তারিখ : ১০ অগাস্ট, ২০২২ সময়: সকাল ৯.৩০ ঘটিকা
স্থান : আইলা ট্রেনিং রুম (৮ম তলা)
হাজিরা : পরিশিষ্ট – ক

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি প্রোগ্রাম ম্যানেজার জনাব মোঃ ফখরুল আরেফীনকে সভার আলোচ্যসূচি উপস্থাপনার অনুরোধ জানান। প্রোগ্রাম ম্যানেজার সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। মূলত প্রকল্পের কাজের অগ্রগতি, পরবর্তী কার্যক্রম ও বিবিধ বিষয়ে আলোচনার জন্য এ সভার আয়োজন করা হয়েছে। অতঃপর সভাপতি প্রকল্প বাস্তবায়ন ও বিবিধ বিষয়ে সকলের মতামত আহবান করেন।

০২। সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১ | বেজলাইন সার্ভে | মে-জুন মাসে পরিচালিত বেজলাইন সার্ভের রিপোর্ট প্রস্তুতকরণের কাজ চলমান। অনতিবিলম্বে বেজলাইন সার্ভের খসড়া রিপোর্ট সম্পন্ন ও উপস্থাপনের বিষয়ে আলোচনা হয়। | আগামী ২০ আগস্ট এর মধ্যে বেজলাইন সার্ভের খসড়া রিপোর্ট প্রস্তুত পূর্বক উপস্থাপন করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার ও কমিউনিকেশন অফিসার |
| ২ | বিপদসীমা নির্ধারণ ও পানি সমতল গেজ স্থাপন | প্রকল্প এলাকার বিভিন্ন ইউনিয়নের বিপদসীমা নির্ধারণ ও গেজ স্থাপনের নিমিত্তে স্থান নির্ধারণের জন্য পানি উন্নয়ন বোর্ড এর বিশেষজ্ঞ দলের সাথে সভার আয়োজন নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | আগামী ১৪ আগস্ট, ২০২২ পানি উন্নয়ন বোর্ড এর বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সাথে অনতিবিলম্বে বিপদসীমা নির্ধারণ ও গেজ স্থাপন বিষয়ে আলোচনা সভার আয়োজন করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার ও হাইড্রোলজিক সিস্টেম ডেভেলপার |
| ৩ | বিপদাপন্ন ইউনিয়ন নির্বাচন | Technical Advisory Committee-র সদস্যদের নিয়ে সভা আয়োজনের মাধ্যমে সর্বোচ্চ বিপদাপন্ন ৬০ টি ইউনিয়ন নির্বাচন | Technical Advisory Committee-র সভা আয়োজন করে বিপদাপন্ন ইউনিয়ন নির্বাচনের জন্য | প্রোগ্রাম ম্যানেজার |

Scanned with CamScanner

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| | | করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করতে হবে। | |
| ৪ | প্রকল্পের শূন্য পদসমূহে নিয়োগ (ফিল্ড ফ্যাসিলিটেটর ও টিম লিডার) | প্রকল্পের ফিল্ড ফ্যাসিলিটেটর ও টিম লিডার নিয়োগের জন্য প্রাপ্ত CV মূল্যায়নের লক্ষ্যে মূল্যায়ন কমিটির সভা আয়োজন নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | আগামী ১৪ আগস্ট, ২০২২ Proposal Evaluation কমিটির মিটিং আয়োজন করতে হবে। | উপপ্রকল্প সমন্বয়ক (আইসিটি) ও প্রোগ্রাম ম্যানেজার |
| ৫ | সংশোধিত ডিপিপি ও বাজেট প্রস্তাব | বাজেট বৃদ্ধির প্রধান খাতগুলোকে পুনঃ নিরীক্ষণ করে ডিপিপি সংশোধনের প্রস্তাবনাসমূহ নিয়ে এলজিইডির প্রতিনিধিদের সাথে সভা আয়োজনের বিষয়ে আলোচনা হয়। | ডিপিপি ও বাজেট পুণঃনিরীক্ষণ পূর্বক সংশোধনের প্রস্তাবনাসমূহ নিয়ে এলজিইডির সংশ্লিষ্ট প্রতিনিধিদের সাথে বসে খসড়া প্রস্তাব চূড়ান্ত করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার এবং ফিন্যান্স ও এডমিন অফিসার |
| ৬ | প্রকল্পের ডিডিএম অংশের ওয়েবসাইট এর অগ্রগতি | প্রকল্পের উদ্দেশ্য, সার্বিক তথ্য ও অগ্রগতি তথ্য সংবলিত ওয়েবসাইট তৈরির অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | আগামী ২০ আগস্ট, ২০২২ এর মধ্যে ওয়েবসাইট হালানাগাদের কাজ সম্পন্ন করতে হবে। | উপপ্রকল্প সমন্বয়ক (আইসিটি) ও আইসিটি স্পেশালিস্ট |
| ৭ | বিবিধ | ক) ফিল্ড ফ্যাসিলিটেরদের সভায় অংশগ্রহণের নিমিত্তে মাসিক সমন্বয় সভায় অনলাইনে এবং পাক্ষিক অগ্রগতি পর্যালোচনা সভায় সরাসরি উপস্থিত থাকার বিষয়ে আলোচনা হয়।<br><br>খ) প্রকল্পের কার্যক্রম সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে মাসিক কর্মপরিকল্পনায় দায়-দায়িত্ব অর্পণ করে দেয়ার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ক) ফিল্ড ফ্যাসিলিটেটরগণ মাসিক সমন্বয় সভায় অনলাইনে এবং পাক্ষিক অগ্রগতি পর্যালোচনা সভায় সরাসরি অংশগ্রহণ করবেন।<br><br>খ) প্রকল্পের কার্যক্রম সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে প্রতি মাসের কর্ম পরিকল্পনায় প্রকল্প সংশ্লিষ্টদের দায়-দায়িত্ব অর্পণ করতে হবে এবং মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার এবং ফিন্যান্স ও এডমিন অফিসার<br><br>প্রোগ্রাম ম্যানেজার ও সংশ্লিষ্ট সকল |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(নিতাই চন্দ্র দে সরকার)
(প্রকল্প সমন্বয়ক)
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
ও
পরিচালক (এমআইএম-চ.দা.)
ফোনঃ ০২-২২২২৯৫৩৫৬
ই-মেইলঃ dmim@ddm.gov.bd

Scanned with CamScanner

স্মারক নং- ৫১.০১.০০০০.০৪৬.২৯.০০২.২১

তারিখ: ১১-০৮-২০২২ খ্রিঃ

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে:**

০১।পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
০২। প্রকল্প পরিচালক, প্রভাতী প্রকল্প, এলজিইডি, আগারগাঁও, ঢাকা।
০৩। ডেপুটি প্রজেক্ট কো-অর্ডিনেটর (GIS ও RM), প্রভাতী প্রকল্প-(ডিডিএম অংশ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
০৪। কান্ট্রি প্রোগ্রাম লিড-বাংলাদেশ, RIMES।
০৫। পিএ টু মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(প্রবীর কুমার দাস)
উপপ্রকল্প সমন্বয়ক (ICT)
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
ফোনঃ ০২-২২২২৯২৬৩৪

Scanned with CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
প্রভাতী প্রকল্প (ডিডিএম অংশ)
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

**প্রভাতী প্রকল্প এবং বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের সমন্বয় সভার কার্যবিবরণী**

সভাপতি: নিতাই চন্দ্র দে সরকার
পরিচালক (এমআইএম-চ.দা)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ও
প্রকল্প সমন্বয়ক
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট

তারিখ : ১৪ অগাস্ট, ২০২২ সময়: বিকাল ৪.০০ ঘটিকা
স্থান : মিনি কনফারেন্স রুম (৭ম তলা)
হাজিরা : পরিশিষ্ট – ক

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জানান প্রকল্পের কাজের বিবিধ কার্যক্রমের সাথে বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের সংশ্লিষ্টতা নিয়ে আলোচনার জন্য এ সভার আয়োজন করা হয়েছে। অতঃপর সভাপতি এ বিষয়ে আলোচনায় অংশগ্রহনে পানি উন্নয়ন বোর্ডের প্রতিনিধিসহ সকলকে আহবান জানান।

০২। সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১ | প্রকল্প কর্মকাণ্ডে পানি উন্নয়ন বোর্ড এর সংশ্লিষ্টতা | প্রভাতী প্রকল্পের আওতায়, FFWC এবং স্থানীয় স্টেকহোল্ডারদের সাথে পরামর্শ করে প্রকল্প এলাকাগুলোতে পানি সমতল গেজ সমূহের বন্যার বিপদসীমা পর্যালোচনা, হালনাগাদ করা এবং প্রয়োজন সাপেক্ষে নতুন গেজ স্থাপনের বিষয়ে আলোচনা হয়। এছাড়া, প্লাবন মানচিত্রের প্রযুক্তিগত উন্নয়নের জন্য এই প্রকল্পে FFWC এর সহযোগিতা প্রয়োজন রয়েছে মর্মে আলোচনা হয়। | প্রকল্প বাস্তবায়নে সহযোগিতার ক্ষেত্রসমূহ নিয়ে আলোচনার জন্য পানি উন্নয়ন বোর্ড কে পত্র প্রেরণ করতে হবে। | উপপ্রকল্প সমন্বয়ক (ICT) ও প্রোগ্রাম ম্যানেজার |
| ২ | মাঠ পর্যায়ে সুফল প্রকল্পের কার্যক্রম সমূহে প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট প্রতিনিধিদের উপস্থিতি | SUFAL-II প্রকল্পের কিছু কার্যক্রম প্রভাতী প্রকল্পের সাথে সাদৃশ্যপূর্ণ রয়েছে, যেমন আগাম সতর্কতা তৈরি এবং প্রচার, মাঠ পর্যায়ে পানি সমতল গেজ সমূহের বন্যার বিপদসীমা পর্যালোচনা সভার আয়োজন ইত্যাদি। উভয় প্রকল্পের | ক) প্রভাতী প্রকল্পের আওতাভুক্ত এলাকায় সুফলের কার্যক্রম গুলোতে মাঠ পর্যায়ে প্রভাতী প্রকল্প ডিডিএম কম্পোনেন্ট এর প্রতিনিধিদের উপস্থিতি নিশ্চিত করতে হবে। | প্রকল্প সমন্বয়ক ও প্রোগ্রাম ম্যানেজার |

Scanned with CamScanner

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| | | আওতায় সাদৃশ্যপূর্ণ কার্যক্রমের দ্বৈততা পরিহারের জন্য সুফল প্রকল্প কর্তৃক পরিচালিত মাঠ পর্যায়ের কর্মকান্ডে প্রভাতী প্রকল্প ডিডিএম কম্পোনেন্ট এর প্রতিনিধিবৃন্দের অংশগ্রহণ নিশ্চিতকরণের বিষয়ে আলোচনা হয়। | খ) দ্বৈততা পরিহারের লক্ষ্যে SUFAL-II প্রকল্পসহ অন্যান্যদের সাথে আলোচনা অব্যাহত রাখতে হবে। | |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(নিতাই চন্দ্র দে সরকার)
প্রকল্প সমন্বয়ক
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
ও
পরিচালক (এমআইএম-চ.দা.)
ফোনঃ ০২-২২২২৯৫৩৫৬
ই-মেইলঃ dmim@ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০৪৬.২৯.০০২.২১

তারিখ: ১৬-০৮-২০২২ খ্রিঃ

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে:**

০১। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
০২। প্রকল্প পরিচালক, প্রভাতী প্রকল্প, এলজিইডি, আগারগাঁও, ঢাকা।
০৩।নির্বাহী প্রকৌশলী,বন্যা পুর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র,বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
০৪। ডেপুটি প্রজেক্ট কো-অর্ডিনেটর (GIS ও RM), প্রভাতী প্রকল্প-(ডিডিএম অংশ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
০৫। কান্ট্রি প্রোগ্রাম লিড-বাংলাদেশ, RIMES।
০৬। পিএ টু পরিচালক (এমআইএম), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(প্রবীর কুমার দাস)
উপপ্রকল্প সমন্বয়ক(ICT)
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
ফোনঃ ০২-২২২২৯২৬৩৪

Scanned with CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
প্রভাতী প্রকল্প (ডিডিএম অংশ)
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

## প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশের ২য় ত্রৈমাসিক অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী

সভাপতি: নিতাই চন্দ্র দে সরকার
পরিচালক (এমআইএম-চ.দা)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ও
প্রকল্প সমন্বয়ক
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট

তারিখ : ১৯ জুলাই, ২০২২ সময়: সকাল ৯.৩০ ঘটিকা
স্থান : মাল্টিপারপাস হল (৯ম তলা)
হাজিরা : পরিশিষ্ট – ক

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। প্রকল্পের কাজের অগ্রগতি, পরবর্তী কার্যক্রম, বিবিধ বিষয়াদিসহ আলোচনার জন্য এ সভার আয়োজন করা হয়েছে। অতঃপর সভাপতি প্রকল্প বাস্তবায়ন ও বিবিধ বিষয়ে সকলের মতামত আহবান করেন।

০২। সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১ | প্রকল্পের অগ্রগতি প্রসঙ্গে | প্রোগ্রাম ম্যানেজার আলোচনার শুরুতে পুর্ববর্তী ত্রৈমাসিক সভার গুরুত্বপূর্ণ আলোচনা সমূহ তুলে ধরেন। একই সাথে পূর্ববর্তী ৩ মাসে (এপ্রিল- জুন) পরিচালিত কর্মকান্ডের উপর আলোকপাত করেন যার মূল বিষয়সমূহ ছিলো, দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির ডাটাবেজ প্রস্তুতের উদ্দেশ্যে বিভিন্ন সভার আয়োজন, ভয়েস মেসেজ পোর্টাল গঠনের উদ্দেশ্যে উপদেষ্টা কমিটির সাথে বৈঠকের আয়োজন। পরবর্তী মাসের কার্যক্রম যেমন সংগৃহীত তথ্যের উপর রিপোর্ট প্রস্তুতকরণ, প্রশিক্ষণসমূহ | আগামী সেপ্টেম্বর মাসের মধ্যে তিন জেলায় পরিচালিত বেসলাইন সার্ভের খসড়া রিপোর্ট প্রস্তুত করণসহ পরবর্তী সময়ের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার |

Scanned with CamScanner

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| | | আয়োজন এর জন্য প্রস্তুতি, রিভার গেজ স্থাপন, বিপদসীমা নির্ধারণ এবং সেই মোতাবেক কর্মকান্ড সমূহ বাস্তবায়ন নিয়ে আলোচনা হয়। | | |
| ২ | Revised DPP এর জন্য প্রস্তাবনা তৈরি | DPP তে উল্লিখিত খাতসমূহ পর্যালোচনা করে প্রয়োজনীয় বাজেট নির্ধারণ সহ সংশোধনী প্রস্তাবনা তৈরির বিষয়ে আলোচনা হয়। | ২৭ জুলাই এর মধ্যে ডিপিপি পূণঃনিরীক্ষণ পূর্বক সংশোধন প্রস্তাবনা এলজিইডি বরাবর প্রেরণ করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার এবং ফিন্যান্স ও এডমিন অফিসার |
| ৩ | DPP খাতসমুহ Breakdown প্রসঙ্গে | DPP তে উল্লিখিত DDM এর জন্য বরাদ্দকৃত খাতসমূহকে প্রকল্প মেয়াদে ত্রৈমাসিক ভিত্তিতে Breakdown করার বিষয়ে আলোচনা হয়। | খাতসমুহকে ত্রৈমাসিক ভিত্তিতে Breakdown করার বিষয়ে LGED এর পরামর্শকদের মতামত গ্রহণ করতে হবে। | উপপ্রকল্প সমন্বয়ক (GIS), প্রোগ্রাম ম্যানেজার এবং ফিন্যান্স ও এডমিন অফিসার |
| ৪ | প্রভাতী প্রকল্পের Geospatial survey বিষয়ক | প্রোগ্রাম ম্যানেজার সুফল প্রকল্পের আওতায় কুড়িগ্রামে পরিচালিত ড্রোন সার্ভে সম্পর্কে সভাকে অবহিত করেন। কার্যপরিকল্পনায় প্রদত্ত সময়সীমার মধ্যে ভুস্থানিক তথ্য সংগ্রহের উপর গুরুত্ব আরোপ করা হয়। | অক্টোবর মাসের শুরুতে Geospatial survey এর কাজ শুরু করতে হবে। | হাইড্রোলজিক সিস্টেম ডেভেলপার ও প্রোগ্রাম ম্যানেজার |
| ৫ | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ফার্নিচার ক্রয়ের খাত বিষয়ক | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ফার্নিচার ক্রয়ের খাত অফিস সাপ্লাই এর পরিবর্তে অফিস কমপ্লেক্স খাত হতে নির্বাহের বিষয়ে আলোচনা হয়। | ফার্নিচার ক্রয়ের খরচ অফিস কমপ্লেক্স খাত (বাজেট কোড ৬৮২১) হতে নির্বাহের বিষয়ে প্রকল্পের মতামত গ্রহণ করতে হবে। | উপপ্রকল্প সমন্বয়ক (GIS) এবং ফিন্যান্স ও এডমিন অফিসার |
| ৬ | বার্ষিক ক্রয় পরিকল্পনা বিষয়ক | ডিপিপির খাত ও কর্ম পরিকল্পনা অনুযায়ী খাতওইয়ারি সামগ্রী ক্রয়ের জন্য বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রস্তুত | বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রস্তুত করে ৩১ জুলাই এর মধ্যে এলজিইডি এর | উপপ্রকল্প সমন্বয়ক (ICT), প্রোগ্রাম ম্যানেজার এবং |

Scanned with CamScanner

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| | | এবং এলজিইডি-বরাবর প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়। | নিকট প্রেরণ করতে হবে। | ফিন্যান্স ও এডমিন অফিসার |
| ৭ | ডেস্কটপ, ল্যাপটপ, প্রিন্টার ও অন্যান্য সামগ্রী ক্রয় | DPP ও MoU এর সংস্থান অনুযায়ী ডেস্কটপ, ল্যাপটপ, প্রিন্টার, ও অন্যান্য কম্পিউটার সামগ্রী ক্রয়ের একক দর নিয়ে আলোচনা হয় | ডেস্কটপ, ল্যাপটপ, প্রিন্টার, স্ক্যানার, ও অন্যান্য কম্পিউটার সামগ্রী ক্রয়ের ক্ষেত্রে ডিপিপিতে বর্ণিত টাকা অনুযায়ী ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপপ্রকল্প সমন্বয়ক (GIS/ICT) ও প্রোগ্রাম ম্যানেজার |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(নিতাই চন্দ্র দে সরকার)
(প্রকল্প সমন্বয়ক)
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট

স্মারক নং- ৫১.০১.০০০০.০৪৬.২৯.০০২.২১

তারিখ: ২০-০৭-২০২২ খ্রিঃ

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে:**

০১। প্রকল্প পরিচালক, প্রভাতী প্রকল্প, এলজিইডি, আগারগাঁও, ঢাকা।
০২। ডেপুটি প্রজেক্ট কো-অর্ডিনেটর (GIS ও RM), প্রভাতী প্রকল্প-(ডিডিএম অংশ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
০৩। কান্ট্রি প্রোগ্রাম লিড-বাংলাদেশ, RIMES।
০৪। পিএ টু মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(প্রবীর কুমার দাস)
উপপ্রকল্প সমন্বয়ক(ICT)
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট

Scanned with CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
প্রভাতী প্রকল্প (ডিডিএম অংশ)
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

**প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশের ১ম ত্রৈমাসিক অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী**

সভাপতি: নিতাই চন্দ্র দে সরকার
পরিচালক (এমআইএম-চ.দা)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ও
প্রকল্প সমন্বয়ক
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট

তারিখ : ২৫ মে, ২০২২ সময়: বিকাল ০৩.৩০ ঘটিকা
স্থান : মাল্টিপারপাস হল (৯ম তলা)

হাজিরা : পরিশিষ্ট – ক

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। প্রকল্পের কাজের অগ্রগতি, পরবর্তী কার্যক্রম, বিবিধ বিষয়াদিসহ আলোচনার জন্য এ সভার আয়োজন করা হয়েছে। অতঃপর সভাপতি প্রকল্প বাস্তবায়ন ও বিবিধ বিষয়ে সকলের মতামত আহবান করেন।

০২। সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়:

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১ | প্রকল্পের অগ্রগতি প্রসঙ্গে | প্রোগ্রাম ম্যানেজার আলোচনার শুরুতে পুর্ববর্তী মাসে পরিচালিত কর্মকান্ডের উপর আলোকপাত করেন যার মূল বিষয়সমূহ ছিলো স্থানীয় ও আঞ্চলিক পর্যায়ে পরিচালিত সভা ও কর্মশালা,তথ্যাবলি ও জরিপের জন্য প্রশ্নাবলি প্রস্তুতকরণ, দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির ডাটাবেস প্রস্তুতের উদ্দেশ্যে বিভিন্ন সভার আয়োজন, উপদেষ্টা কমিটির সাথে বৈঠকের আয়োজন। | ক) জুন মাসে কুড়িগ্রাম ও গাইবান্ধা জেলার তথ্য সংগ্রহ ও প্রয়োজন হলে তথ্য সংগ্রহের জন্য তৈরিকৃত প্রশ্নে পরিবর্তন আনতে হবে।<br>খ) বর্ষা পরবর্তী পরিকল্পনা বাস্তবায়নের জন্য এখন থেকেই প্রস্তুতি গ্রহণ করতে হবে। | উপপ্রকল্প সমন্বয়ক (GIS/ICT) ও প্রোগ্রাম ম্যানেজার |

Scanned with CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২ | এলজিইডির প্রতিনিধি কতৃক প্রকল্প বিষয়ক ইস্যু আলোচনা | প্রোগ্রাম ম্যানেজার রিভার গেজ পর্যাপ্ত আছে কিনা, DEM ডাটা সংক্রান্ত তথ্য, সতর্ক সংকেত তৈরির ক্ষেত্রে নদীর আপস্ট্রিম তথ্য জানার প্রয়োজনীয়তা, বাঁধের তথ্য ইত্যাদি বিষয়ে সভাকে অবহিত করেন। | ক) মডেল এর এক্যুরেসি সর্বাধিক রাখার উদ্দেশ্যে LiDAR ব্যবহারের মাধ্যমে সার্ভে সম্পন্ন করতে হবে।<br>খ) পানি উন্নয়ন বোর্ডের বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের পরামর্শক্রমে প্রয়োজনীয় সংখ্যক রিভার গেজ প্রকল্প এলাকায় স্থাপন করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার ও হাইড্রোলজিক সিস্টেম ডেভেলপার |
| ৩ | Revised DPP এর জন্য প্রস্তাবনা তৈরি | DPP তে উল্লিখিত খাতসমূহ পর্যালোচনা করে প্রয়োজনীয় বাজেট নির্ধারণ সহ সংশোধিত প্রস্তাবনা তৈরির বিষয়ে আলোচনা হয় । | DPP সংশোধনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রোগ্রাম ম্যানেজার এবং ফিন্যান্স ও এডমিন অফিসার |
| ৪ | অন্যান্য আলোচনা | ডিডিএম এর জন্য বরাদ্দকৃত গাড়ি ও টেলিফোন সেবা প্রাপ্তির বিষয়ে আলোচনা করা হয়। | টেলিফোন সেবা প্রাপ্তির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপপ্রকল্প সমন্বয়ক (GIS), প্রোগ্রাম ম্যানেজার এবং ফিন্যান্স ও এডমিন অফিসার |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(নিতাই চন্দ্র দে সরকার)
(প্রকল্প সমন্বয়ক)
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট

Scanned with CamScanner

স্মারক নং- ৫১.০১.০০০০.০৪৬.২৯.০০২.২১

তারিখ: ২৭ -০৫-২০২২ খ্রিঃ

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে:**

০১। প্রকল্প পরিচালক, প্রভাতী প্রকল্প, এলজিইডি, আগারগাঁও, ঢাকা।

০২। ডেপুটি প্রজেক্ট কো-অর্ডিনেটর (GIS ও RM), প্রভাতী প্রকল্প-(ডিডিএম অংশ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

০৩। কান্ট্রি প্রোগ্রাম লিড-বাংলাদেশ, RIMES।

০৪। পিএ টু মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৭/০৫/২২

(প্রবীর কুমার দাস)
উপপ্রকল্প সমন্বয়ক (ICT)
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট

Scanned with CamScanner